

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
আগারগাঁও, ঢাকা।  
[কাস্টমস: অটোমেশন শাখা]


স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৭৬৭

তারিখ: ০৩ ডিসেম্বর, ২০২৩খ্রি.

বিষয়: বদলি/অবসরজনিত/মৃত্যুজনিত/সাময়িক বরখাস্তজনিত/বরখাস্তজনিত বা অন্য কোন কারণে দপ্তর ত্যাগের সময় আবশ্যিকভাবে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি নিষ্ক্রিয়করণ সংক্রান্ত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কাস্টমস-এর শুল্কায়ন কার্যক্রম স্বয়ংক্রিয়করণের লক্ষ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহৃত হচ্ছে। এর ইউজার আইডি সম্পর্কিত ব্যবস্থাপনা যথাযথভাবে সম্পন্ন করার লক্ষ্যে ইউজার ম্যানেজমেন্ট সিস্টেম (<https://ums.bdcustoms.gov.bd/>) নামক ওয়েবসাইট ডেভেলপ করা হয়েছে। এ ওয়েবসাইটের মাধ্যমে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি তৈরির আবেদন, নিষ্ক্রিয়করণ, বদলি জনিত দপ্তর পরিবর্তনের আবেদনসহ বিভিন্ন কার্যক্রম সহজেই সম্পন্ন করা যায়। বর্তমানে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি সংক্রান্ত যে কোন কার্যক্রম উক্ত ওয়েবসাইটের মাধ্যমে ব্যবস্থিত হচ্ছে। কিন্তু গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে কোন কোন ক্ষেত্রে কর্মকর্তা অন্যান্য দপ্তরে বদলি/পদায়িত হলে বা অবসর গ্রহণ করলেও তাঁর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি উক্ত দপ্তর হতে যথাসময়ে নিষ্ক্রিয় করা হচ্ছে না।

০২। ইউজার ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে কোন কর্মকর্তা অন্য দপ্তরে পদায়িত হলে বা অবসর গ্রহণ করলে সে সংক্রান্ত ইউজার ডিঅ্যাক্টিভেশন সার্টিফিকেট জেনারেট করা যায়, যা উক্ত ইউজারের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি নিষ্ক্রিয়করণের প্রমাণক। এমতাবস্থায়, আপনার দপ্তরের কোন কর্মকর্তা অন্য দপ্তরে বদলি পদায়িত হলে বা অবসর গ্রহণ করলে বা চাকরি হতে অপসারিত হলে বা অন্য কোন কারণে দাপ্তরিক কার্যক্রম অব্যাহত না রাখলে, ইউজার ম্যানেজমেন্ট সিস্টেম হতে তাঁর ইউজার আইডি ডিঅ্যাক্টিভেট (Deactivate) করার পর তাঁকে উক্ত দপ্তর হতে অবমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



তানভীর আহমেদ

দ্বিতীয় সচিব (কাস্টমস: ডাটা অ্যানালাইটিকস)

ই-মেইল: sscuspolicy@gmail.com

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি, কমলাপুর/মোংলা/পানগাঁও;
- ০৭-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব/ঢাকা (পশ্চিম)/সিলেট/কুমিল্লা/রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/চট্টগ্রাম;
- ১৮-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম;
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।

**অনুলিপি:**

- ০১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০২। জনাব মোঃ জাহিদুর রহমান, সিস্টেম অ্যানালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড;
- ০৩। পিএস টু সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।